গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

১ নং কামারখালী ইউনিয়ন পরিষদ

মধুখালী, ফরিদপুর।

স্মারক নং-কামার/ইউপি/মধু/ফরিদ/২০২৩/ তারিখঃ ১৩/০৪/২০২৩

১ নং কামারখালী ইউনিয়ন পরিষদের ইউনিয়ন উন্নয়ন সমন্বয় কমিটির সাধারণ সভার কার্যবিবরণী

সভাপতিঃ মোঃ রাকিব হোসেন চৌধুরী, চেয়ারম্যান, কামারখালী ইউপি, মধুখালী, ফরিদপুর।
সভার স্থানঃ কামারখালী ইউনিয়ন পরিষদ হল রুম।
সভার তারিখঃ ১৩/০৪/২০২৩ ইং রোজ বৃহস্পতিবার।

ক্রমিক নং	উপস্থিত সদস্যগণের নাম	পদবী	কমিটিতে পদবী	স্বাক্ষর	মন্তব্য
০১	জনাব মোঃ রাকিব হোসেন চৌধুরী	চেয়ারম্যান	সভাপতি	স্বাক্ষরিত	
০২	জনাব মোছাঃ মমতাজ বেগম	সংরক্ষিত মহিলা সদস্য-১,২,৩	সদস্য	স্বাক্ষরিত	
০৩	জনাব মোছাঃ জোহরা বেগম	সংরক্ষিত মহিলা সদস্য-৪,৫,৬	সদস্য	স্বাক্ষরিত	
০৪	জনাব মোছাঃ আছমা বেগম	সংরক্ষিত মহিলা সদস্য-৭,৮,৯	সদস্য	স্বাক্ষরিত	
০৫	জনাব মোঃ জসীম শেখ	ইউপি সদস্য-১	সদস্য	স্বাক্ষরিত	
০৬	জনাব মোঃ আলমগীর হোসেন	ইউপিসদস্য-২	সদস্য	স্বাক্ষরিত	
০৭	জনাব মোঃ ছরোয়ার ফকির	ইউপিসদস্য-৩	সদস্য	স্বাক্ষরিত	
০৮	জনাব মোঃ আছাদুজ্জামান মুন্সী	ইউপি সদস্য-৪	সদস্য	স্বাক্ষরিত	
০৯	জনাব মোঃ মতিয়ার রহমান	ইউপি সদস্য-৫	সদস্য	স্বাক্ষরিত	
১০	জনাব মোঃ আশরাফ মোল্যা	ইউপি সদস্য-৬	সদস্য	স্বাক্ষরিত	
১১	জনাব মোঃ আবুল কালাম আজাদ	ইউপি সদস্য-৭	সদস্য	স্বাক্ষরিত	
১২	জনাব মোঃ সাজেদুল ইসলাম দুলু	ইউপি সদস্য-৮	সদস্য	স্বাক্ষরিত	
১৩	জনাব মোঃ নুরুল ইসলাম মল্লিক	ইউপি সদস্য-৯	সদস্য	স্বাক্ষরিত	
১৪	জনাব মোঃ আজিজুল হক	উপ-সহকারী কৃষি কর্মকর্তা	সদস্য	স্বাক্ষরিত	
১৫	জনাব মোঃ মাসুদ শেখ	ভেটেরিনারি ফিল্ড এ্যাসিস্ট্যান্ড প্রাণিঃ	সদস্য	স্বাক্ষরিত	
১৬	জনাব রাকেশ মল্লিক	সহকারী স্বাস্থ্য কর্মকর্তা	সদস্য	স্বাক্ষরিত	
১৭	জনাব রনজিতা মিত্র	পরিবার কল্যাণ সহকারী	সদস্য	স্বাক্ষরিত	
১৮	জনাব মোছাঃ আকলিমা বেগম	ইউনিয়ন সমাজকর্মী, সমাজসেবা অধিদপ্তর	সদস্য	স্বাক্ষরিত	
১৯	জনাব কবিতা বকশী	ইউনিয়ন দলনেতা, আনসার ও ভিডিপি	সদস্য	স্বাক্ষরিত	
২০	জনাব মোঃ মাহবুবুর রহমান	ম্যারেজ রেজিস্টার (কাজী)	সদস্য	স্বাক্ষরিত	
২১.	জনাব নব কুমার দত্ত	শিক্ষক, বিদ্যালয় ব্যবস্থাপনা প্রতিনিধি	সদস্য	স্বাক্ষরিত	
২২.	জনাব মতিয়ার রহমান	মাঠ সংগঠক, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড	সদস্য	স্বাক্ষরিত	
২৩.	জনাব মন্দিরা বোস	এনজিও প্রতিনিধি	সদস্য	স্বাক্ষরিত	
২৪.	জনাব মোঃ মনিরুজ্জামান চৌধুরী	স্থানীয় ব্যবসায়ী প্রতিনিধি	সদস্য	স্বাক্ষরিত	
২৫.	জনাব মোঃ এহছান আলী	ইমাম ও ধর্মীয় নেতাদের প্রতিনিধি	সদস্য	স্বাক্ষরিত	

অদ্যকার সভায় জনাব মোঃ রাকিব হোসেন চৌধুরী, চেয়ারম্যান সাহেব উপস্থিত সকলকে স্বাগত জানাইয়া সভাপতির আসন গ্রহন করলে সভার কার্য আরম্ভ করা হয়। অতঃপর সভাপতির অনুমতিক্রমে বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হয়। কোনো সংশোধনী না থাকায় উক্ত সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ় করণ করা হয়।

ক্রমিক নং	আলোচ্য বিষয় ও আলোচনা	সিদ্ধান্ত	দায়িত্বপ্রাপ্ত সংস্থা/ ব্যক্তি
০১	৬নং ওয়ার্ড ইউপি সদস্য জানান, বর্তমান সরকার ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স থেকে ইউনিয়নের সকল মানুষকে সার্বিক সেবা প্রদানের লক্ষ্যে ৭টি বিভাগকে যেমন: ১। স্থানীয় সরকার বিভাগ, ২। কৃষি বিভাগ, ৩। স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগ, ৪। প্রাথমিক ও গণ শিক্ষা বিভাগ ৫। মৎস্য ও প্রাণী সম্পদ বিভাগ, ৬। সমাজ কল্যাণ বিভাগ, ৭। স্বরাষ্ট্র মন্ত্রনালয়, অত্র অফিসের ভবনে প্রেরণ করেছেন। কিন্তু অদ্যাবদি সকল ডিপার্টমেন্টের কর্মকর্তা কর্মচারিগণ এখানে দায়িত্ব পালন করছেন না। শুধুমাত্র কৃষি অফিস, বিআরডিবি অফিস যথাযথভাবে দায়িত্ব পালন করে আসছে। আনসার ভিডিপির দলনেতা মাঝে মাঝে এখানে আসেন। এছাড়া আর অন্য কাউকে এখানে দেখা যায় না। যা অত্যান্ত দুঃখজনক। আমি আশা করব ভবিষ্যতে যেন প্রত্যেকটি বিভাগ এখানে থেকে যথাযথভাবে তাদের দায়িত্বগুলি পরিচালনা করে। এতে এলাকার মানুষের বিশেষ উপকার সাধিত হবে।	উক্ত প্রস্তাব সর্বসম্মতি ক্রমে গৃহিত হয়।	জনাব মোঃ রাকিব হোসেন চৌধুরী, চেয়ারম্যান, ১নং কামারখালী ইউনিয়ন পরিষদ, মধুখালী, ফরিদপুর।
০২	কমিউনিটি ক্লিনিক সংক্রান্ত : ১নং ওয়ার্ড ইউপি সদস্য জানান, কমিউনিটি ক্লিনিকগুলোতে মানুষ যাতে সহজে স্বাস্থ্য সেবা পায় সেজন্য সরকার প্রাণান্ত চেষ্টা চালিয়ে যাচ্ছে। কিন্তু মাঝে মাঝে দেখা যাচ্ছে উপর থেকে সরবরাহ কম থাকায় সেখানে ঠিকমত ঔষধ পাওয়া যাচ্ছে না এবং কমিউনিটি ক্লিনিকগুলোর আসবাবপত্রের অবস্থাও খুবই খারাপ। এ সমস্যার দ্রুত সমাধানের জন্য সিভিল সার্জন ফরিদপুর মহোদয়কে এ বিষয়ে অবহিত এবং কমিউনিটি ক্লিনিকগুলোতে আসবাবপত্র সরবরাহের বিষয়ে প্রকল্প নেওয়ার আহবান জানান।	উক্ত প্রস্তাব সর্বসম্মতি ক্রমে গৃহিত হয়।	জনাব মোঃ রাকিব হোসেন চৌধুরী, চেয়ারম্যান, ১নং কামারখালী ইউনিয়ন পরিষদ, মধুখালী, ফরিদপুর।
০৩	প্রাণী সম্পদ সংক্রান্ত : ভেটেরেনারী ফিল্ড এসিস্ট্যান্ট, প্রাণী সম্পদ অধিদপ্তর জানান, ইউনিয়ন পর্যায়ে অবস্থিত প্রাণী সমূহকে প্রাথমিক চিকিৎসা দেওয়া প্রাণী সম্পদ ফার্ম সমূহ রেজিস্ট্রেশন করা সহ সার্বিক সেবা সমূহ তুলে ধরেন।	উক্ত প্রস্তাব সর্বসম্মতি ক্রমে অনুমোদিত হয়।	ভেটেরেনারী ফিল্ড এসিস্ট্যান্ট, প্রাণী সম্পদ অধিদপ্তর
০৫	মাঠ সংগঠক বিআরডিবি সভায় জানান, রেজিস্ট্রার্ড সমিতি নিয়ে আমাদের কাজ। বিশেষ করে সমিতিগুলোকে সার্বিক সহযোগিতা বিভিন্ন তেল জাতীয় ফসলে ঋণ দেওয়া, সমিতি সমূহ রেজিস্ট্রেশন করা আমাদের মূল লক্ষ্য।	উক্ত প্রস্তাব সর্বসম্মতি ক্রমে গৃহিত হয়।	মাঠ সংগঠক বিআরডিবি
০৬	সভায় কামারখালী সরকারী প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক জনাব নব কুমার দত্ত প্রস্তাব জানান যে, বর্তমান সরকার বিভিন্ন প্রতিষ্ঠানে আসবাব পত্র সরবরাহের উদ্যোগ নিয়েছে। তিনি ইউনিয়নের সকল শিক্ষা প্রতিষ্ঠানে আসবাবপত্র সরবরাহের জন্য অনুরোধ জানান।	উক্ত প্রস্তাব সর্বসম্মতি ক্রমে গৃহিত হয়।	জনাব মোঃ রাকিব হোসেন চৌধুরী, চেয়ারম্যান, ১নং কামারখালী ইউনিয়ন পরিষদ, মধুখালী, ফরিদপুর।
০৭	নারী প্রতিনিধি জানান, বর্তমান সরকার নারীর ক্ষমতায়নে প্রাণান্ত চেষ্টা চালিয়ে যাচ্ছে। যা সত্যিই প্রশংসার দাবি রাখে। এ বিষয়ে সকলকে সহযোগিতার হাত বাড়িয়ে দেওয়ার আহবান জানান।	উক্ত প্রস্তাব সর্বসম্মতি ক্রমে গৃহিত হয়।	নারী প্রতিনিধি
০৮	এনজিও প্রতিনিধি মন্দিরা বোষ জানান যে, সরকারী প্রতিষ্ঠানের সেবাগুলো যাতে জনগণ সহজে পায় সে বিষয়ে সকলকে সচেতন করা ও ইউনিয়ন পরিষদকে একটি কার্যকর শক্তিশালী স্থানীয় সরকার প্রতিষ্ঠানে রুপান্তরিত করতে সহযোগিতা করাই আমাদের মূল কাজ।	উক্ত প্রস্তাব সর্বসম্মতি ক্রমে গৃহিত হয়।	এনজিও প্রতিনিধি
০৯	ট্যাক্স আদায় সংক্রান্ত ঃ ৬নং ওয়ার্ড ইউপি সদস্য মোঃ আশরাফ মোল্যা জানান যে, ইউনিয়ন পরিষদকে শক্তিশালী করার জন্য নিজস্ব আয় বৃদ্ধি করে উন্নয়ন কার্য পরিচালনা করা একান্ত আবশ্যক। এ বিষয়ে জনগণকে সচেতন করে তোলার জন্য প্রতিটি ওয়ার্ডে ট্যাক্স ক্যাম্পেইন করা ওয়ার্ড পর্যায়ে সভার করার জন্য ওয়ার্ড কমিটি গঠন করা প্রয়োজন।	উক্ত প্রস্তাব সর্বসম্মতি ক্রমে গৃহিত হয়।	জনাব মোঃ রাকিব হোসেন চৌধুরী, চেয়ারম্যান, ১নং কামারখালী ইউনিয়ন পরিষদ, মধুখালী, ফরিদপুর।
১০	তথ্য ও সেবা কেন্দ্র ও ইউনিয়ন ওয়েব পোর্টাল সংক্রান্ত ঃ সভাপতি সাহেব জানান যে, জনগণের দোরগোড়ায় সেবা পৌছানোর লক্ষ্যে বর্তমান সরকার দেশের প্রতিটি ইউনিয়নে তথ্য ও সেবা কেন্দ্র চালু করায় মানুষ বর্তমানে সহজে ও দ্রুত সেবা পাচ্ছে। অত্রএব তথ্য ও সেবা কেন্দ্র বেশ ভালো ভাবে চলছে। ইউনিয়ন ওয়েব পোর্টালেও তথ্য হালনাগাদ দ্রুত গতিতে চলছে।	উক্ত প্রস্তাব সর্বসম্মতি ক্রমে গৃহিত হয়।	জনাব মোঃ রাকিব হোসেন চৌধুরী, চেয়ারম্যান, ১নং কামারখালী ইউনিয়ন পরিষদ, মধুখালী, ফরিদপুর।
১১	অনলাইন জন্ম ও মৃত্যু নিবন্ধন সংক্রান্ত ঃ ইউপি সচিব জনাব আফিয়া আক্তার জানান যে, জন্ম নিবন্ধন কার্যক্রম আইন অনুযায়ী সঠিক ভাবে চলছে। এ ব্যাপারে সকলের সহযোগিতা প্রয়োজন।	উক্ত প্রস্তাব সর্বসম্মতি ক্রমে গৃহিত হয়।	সচিব , ১নং কামারখালী ইউনিয়ন পরিষদ, মধুখালী, ফরিদপুর।

অতঃপর সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সাহেব সকলকে ধন্যবাদ জানাইয়া সভার সমাপ্ত ঘোষণা করেন

সভাপতি

তারিখ: ১৩/০৪/২০২৩ খ্রিঃ

(মোঃ রাকিব হোসেন চৌধুরী)
চেয়ারম্যান
১ নং কামারখালী ইউনিয়ন পরিষদ
মধুখালী, ফরিদপুর।

স্মারক নং-কামার/ইউপি/মধু/ফরিদ/২০২৩/ তারিখঃ ১৩/০৪/২০২৩

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হইল।
১। মাননীয়, জেলা প্রশাসক, ফরিদপুর।
২। মাননীয়, উপজেলা নির্বাহী অফিসার, মধুখালী, ফরিদপুর।
৩। অফিস কপি।